Guidelines for Du‘a

# দুআ গাইডলাইন

## গুরুত্বপূর্ণ কিছু হাদিস ও দুআ, পাশাপাশি কোর্সের সংক্ষিপ্ত পরিচিতি



ন্যাচারাল চিকিৎসক

**মাওলানা আবু সালেহ**

# দুআ গাইডলাইন

Guidelines for Du'a


ন্যাচারাল চিকিৎসক

মাওলানা আবু সালেহ (আরাফাত)

সি.এন.সি (পাইলস, পলিপস, এন্ড হিজামা থেরাপিস্ট)
ডি.ইউ.এম.এস (ইউনানী মেডিকেল কলেজ, রানিং)
ডি.এম.এস এন্ড ডি.এম.এ.এফ (এলোপ্যাথি)
সি.এইচ.এম.এ (হোমিওপ্যাথি)
সি.এন.এম (ন্যাচারালিস্ট)

সম্পাদনায়

মাওলানা আজিজুল হক সাহেব

নাযেমে তালীমাত, ফেনী জামেয়া মাদানিয়া

মাওলানা শাহাদাত বিন তাহের



AS Health Academy

# দুআ গাইডলাইন

মাওলানা আবু সালেহ (আরাফাত)


**সম্পাদনায়**

মাওলানা আজিজুল হক সাহেব
মাওলানা শাহাদাত বিন তাহের

**প্রকাশনায়**

**AS হেলথ একাডেমি**

সালাউদ্দিন মোড়, ফেনী সদর।
০১৬০৮৩৪৯৬৯৭, ০১৬০৮১৭৯৪৪১, ০১৬২৪৯৩৫২৯২

**প্রকাশকাল**

শাবান ১৪৪৭ হিজরী
জানুয়ারি ২০২৬ ঈসায়ী

**পরিবেশনায়**

**আজিজিয়া লাইব্রেরি**

কোর্ট মসজিদ-সংলগ্ন, ফেনী সদর।

**ফেইসবুক আইডি**

facebook.com/ashealthacademy

**ইউটিউব চ্যানেল**

youtube.com/@ashealthacademy


| মূল্য | স্বত্ব |
|---|---|
| ১৫০ (একশত পঞ্চাশ) টাকা | লেখক কর্তৃক সংরক্ষিত |


**Guidelines for Du'a**

By: Mawlana Abu Saleh, Published by: AS Health Academy
Price: Tk. 150.00 US$ 5.00

## অর্পণ

আল্লাহ্ তায়ালার সন্তুষ্টির লক্ষ্যে
এবং উম্মাহ্'র কল্যাণের স্বার্থে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত OHS মেডিকেল ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত AS হেলথ একাডেমি।
(লাইফস্টাইল প্রশিক্ষণ কেন্দ্র)

রেজিস্ট্রেশন নং: S-12768/17 (Dhaka)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শিল্প মন্ত্রণালয় (বিসিক) কর্তৃক নিবন্ধিত- AS হেলথ একাডেমি।

রেজিস্ট্রেশন নং: FE-20251208-0023168

# মূল্যায়ন ও অভিমত

একজন চিকিৎসক হিসেবে '**হেলদি খাদ্যাভ্যাস ও লাইফস্টাইল**' বইটি আমার কাছে অত্যন্ত সময়োপযোগী ও মূল্যবান মনে হয়েছে। আধুনিক চিকিৎসাবিজ্ঞানের পাশাপাশি প্রাচীন আয়ুর্বেদিক জ্ঞানের আলোকে রোগের মূল কারণ হিসেবে ভুল খাদ্যাভ্যাসকে চিহ্নিত করা এবং সেই অনুযায়ী প্রতিকার বর্ণনা করা—এটি বইটির সবচেয়ে বড় শক্তি।

লেখক যেভাবে সহজ ও বাস্তব উদাহরণ দিয়ে বোঝাতে চেষ্টা করেছেন আমাদের প্রতিদিনের খাদ্যে অনিয়ম কীভাবে ধীরে ধীরে শরীরে রোগ তৈরি করে, তা সত্যিই প্রশংসনীয়। বিশেষ করে আয়ুর্বেদিক উপায়ে রোগ প্রতিরোধ ও নিরাময়ের উপায়গুলোর বৈজ্ঞানিক ব্যাখ্যা বইটিকে আরও বিশ্বাসযোগ্য করে তুলেছে।

এই বইটি শুধু সাধারণ পাঠকের জন্য নয়, চিকিৎসক ও পুষ্টিবিদদের জন্যও এক গুরুত্বপূর্ণ রেফারেন্স হিসেবে কাজ করতে পারে। আমি মনে করি, সুস্থ সমাজ গঠনে এ ধরনের বই আরও বেশি প্রচার হওয়া উচিত।

**ডাঃ নুরুল খাব্বাব (স্বজন)**
এমবিবিএস, এমসিজিপি (মেডিসিন)
সিসিডি (ডায়াবেটিস), সিএমইউ
জেনারেলে ফিজিশিয়ান
মেডিকেল অফিসার, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড
বিএমডিসি রেজিঃ নং এ-১২৬০৫৯

# ডাক্তারদের পরিচিতি ও তালিকা

**হোমিওপ্যাথিক মেডিসিন কনসালটেন্ট**
**ডাঃ জাকির হোসেন রনি**
বি. এস. এস; ডি. এইচ. এম. এস (ঢাকা)
পি. ডি. টি (হোমিও মেডিসিন)
বি. এইচ. বি. রেজিঃ নং-২৮২৮৫

**ডাঃ এইচ এম মোস্তাফিজুর রহমান**
ডি এইচ এম এস; (বি এইচ বি) ঢাকা
ডি ইউ এম এস; ডি এম এস (ঢাকা)
রিফ্রেসার্স ট্রেনিং কোর্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়পুর, লক্ষ্মীপুর।

**ডাঃ নুরুল খাব্বাব (স্বজন)**
এমবিবিএস, এমসিজিপি (মেডিসিন)
সিসিডি (ডায়াবেটিস), সিএমইউ
জেনারেলে ফিজিশিয়ান
মেডিকেল অফিসার, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড
বিএমডিসি রেজিঃ নং এ-১২৬০৫৯

**চিকিৎসক**
**মোঃ আব্দুল আলীম (আরবিন)**
নিউট্রিশনিস্ট এন্ড সেক্সোলজিস্ট (ইউনানী)
কনসালটেন্ট অব ন্যাচারাল হেলথ এন্ড ওয়েলনেস
স্পেশালাইজড ইন কাপিং (হিজামা) থেরাপী
সি.সি.পি.এন (ফুড এন্ড নিউট্রিশন)
সি.পি.এম.এস (সাইকোলজি)
ডি.ইউ.এম.এস (ইউনানী মেডিকেল কলেজ)
ডি.এম.এস (এলোপ্যাথি)

**ন্যাচারাল চিকিৎসক**
**মাও. আবু সালেহ (আরাফাত)**
অথর, মেন্টর এন্ড ওয়েলনেস কোচ
সি.এন.এম (ন্যাচারালিস্ট)
সি.এন.সি (পাইলস, পলিপস, এন্ড হিজামা থেরাপিস্ট)
ডি.এম.এস এন্ড ডি.এম.এ.এফ (এলোপ্যাথি)
সি.এইচ.এম.এ (হোমিওপ্যাথি)
ডি.ইউ.এম.এস (ইউনানী মেডিকেল কলেজ, রানিং )
এম.সি.এইচ (মাতৃত্ব ও শিশুস্বাস্থ্য)
ডিরেক্টর এন্ড কোচ (এ.এস হেলথ একাডেমি)

# বিস্তারিত সূচিপত্র

বিষয় | পৃষ্ঠা

## শারীরিক-মানসিক সুস্থতা এবং আখিরাতের প্রস্তুতি হিসেবে কিছু গুরুত্বপূর্ণ হাদিস ও দু'আ

হাদিসের কিছু উপদেশ বাণী ........ ৮
গুরুত্বপূর্ণ কিছু দু'আ ........ ১৫
কিছু পরামর্শ ........ ২২
AS Health Academy ........ ২৫
AS ন্যাচারাল চিকিৎসা এন্ড হেলদি লাইফস্টাইল প্রশিক্ষণ কেন্দ্র ........ ২৫
স্লোগান ........ ২৭
প্রাকৃতিক উপায়ে আমাদের চিকিৎসা সেবা সমূহ ........ ৩১
সম্মানিত অতিথিবৃন্দ ........ ৩২
আমাদের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ ........ ৩৪
"A.S Health Academy" ........ ৩৬
আমাদের কোর্সের সময়সূচি ও কাঠামো সংক্ষেপে ........ ৪০
আমাদের কোর্স ও গাইডলাইনের তথ্যসূত্র ........ ৪২
কোর্সে আপনি যে বিষয়গুলো শিখবেন ........ ৪৪
বিশেষ ছাড় ........ ৪৭
কোর্সে অংশগ্রহণের যোগ্যতা ........ ৪৮
সাপোর্ট ও অভিজ্ঞতা ........ ৫০
অংশগ্রহণকারীদের থেকে প্রত্যাশিত বিষয় ........ ৫১
উপসংহার ........ ৫২

# শারীরিক-মানসিক সুস্থতা এবং আখিরাতের প্রস্তুতি হিসেবে কিছু গুরুত্বপূর্ণ হাদিস ও দু'আ

## হাদিসের কিছু উপদেশ বাণী

আমরা কি জানি, যে ব্যক্তি তার একমাত্র লক্ষ্য দুনিয়াকে বানায়, তার পরিণতি কী হতে পারে? আর যে ব্যক্তি তার একমাত্র লক্ষ্য আখিরাতকে রাখে, তার পরিণতি কী হবে? আমরা কোন বিষয়কে সবচেয়ে বেশি প্রাধান্য দিচ্ছি? আমাদের প্রতিদিনের চিন্তা ও কাজের মধ্যে এর লাভ-ক্ষতি কী হতে পারে? আসুন, এই প্রশ্নগুলোকে গুরুত্ব দিয়ে আমরা কিছু হাদিসের আলোকে বিষয়গুলো পর্যালোচনা করি।

### ১. প্রথম হাদিস

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ ﷺ: «مَنْ كَانَتِ الآخِرَةُ هَمَّهُ جَعَلَ اللهُ غِنَاهُ فِي قَلْبِهِ، وَجَمَعَ لَهُ شَمْلَهُ، وَأَتَتْهُ الدُّنْيَا وَهِيَ رَاغِمَةٌ، وَمَنْ كَانَتِ الدُّنْيَا هَمَّهُ جَعَلَ اللهُ فَقْرَهُ بَيْنَ عَيْنَيْهِ، وَفَرَّقَ عَلَيْهِ شَمْلَهُ، وَلَمْ يَأْتِهِ مِنَ الدُّنْيَا إِلاَّ مَا قُدِّرَ لَهُ».

আনাস ইবনু মালিক (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, "যে ব্যক্তির একমাত্র চিন্তার বিষয় হবে পরকাল, আল্লাহ্ সেই ব্যক্তির অন্তরকে অভাবমুক্ত করে দিবেন, তার যাবতীয় বিচ্ছিন্ন কাজ একত্রিত করে সুসংহত করে দিবেন এবং দুনিয়া তার কাছে আসবে নগণ্য ও তুচ্ছ হয়ে।

আর যে ব্যক্তির একমাত্র চিন্তার বিষয় হবে দুনিয়া, আল্লাহ্ তা'আলা সেই ব্যক্তির দু' চোখের সামনে অভাব-অনটন লাগিয়ে রাখবেন এবং তার কাজগুলো এলোমেলো ও ছিন্নভিন্ন করে দিবেন। আর তার জন্য যা নির্দিষ্ট রয়েছে, দুনিয়াতে সে এর চাইতে বেশি পাবে না।" (জামে' আত-তিরমিজি, হাদিস নং ২৪৬৫)

❒ **উপদেশ:** দুনিয়া ও আখিরাতের মধ্যে কোনটি আমাদের জন্য বড়? আমাদের লক্ষ্য যদি আখিরাত হয়, তবে দুনিয়াও আমাদের হাতে সহজ ও তুচ্ছ হয়ে ধরা দিবে ইনশাআল্লাহ।

### ❒ ঈমান, ইসলাম ও ইহসান: আমাদের কী জানা উচিত?

আমরা কি জানি, ঈমান, ইসলাম এবং ইহসান কী? এই বিষয়গুলো আমাদের দৈনন্দিন জীবনের মূল ভিত্তি। আসুন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) থেকে প্রাপ্ত হাদিসের মাধ্যমে এ ব্যাপারে জানি। এবং তার সাথে জানি কিয়ামতের কিছু আলামতও।

## ২. দ্বিতীয় হাদিস

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ كَانَ رَسُولُ اللهِ ﷺ يَوْمًا بَارِزًا لِلنَّاسِ، فَأَتَاهُ رَجُلٌ فَقَالَ يَا رَسُولَ اللهِ، مَا الإِيمَانُ؟ قَالَ «أَنْ تُؤْمِنَ بِاللهِ وَمَلاَئِكَتِهِ وَكِتَابِهِ وَلِقَائِهِ وَرُسُلِهِ وَتُؤْمِنَ بِالْبَعْثِ الآخِرِ». قَالَ يَا رَسُولَ اللهِ، مَا الإِسْلاَمُ؟ قَالَ «الإِسْلاَمُ أَنْ تَعْبُدَ اللهَ وَلاَ تُشْرِكَ بِهِ شَيْئًا وَتُقِيمَ الصَّلاَةَ الْمَكْتُوبَةَ وَتُؤَدِّيَ الزَّكَاةَ الْمَفْرُوضَةَ وَتَصُومَ رَمَضَانَ». قَالَ يَا رَسُولَ اللهِ، مَا الإِحْسَانُ؟ قَالَ «أَنْ تَعْبُدَ اللهَ كَأَنَّكَ تَرَاهُ فَإِنَّكَ إِنْ لاَ تَرَاهُ فَإِنَّهُ يَرَاكَ». قَالَ يَا رَسُولَ اللهِ، مَتَى السَّاعَةُ؟ قَالَ: «مَا الْمَسْئُولُ عَنْهَا بِأَعْلَمَ مِنَ السَّائِلِ، وَلَكِنْ سَأُحَدِّثُكَ عَنْ أَشْرَاطِهَا: إِذَا وَلَدَتِ الأَمَةُ رَبَّهَا فَذَاكَ مِنْ أَشْرَاطِهَا، وَإِذَا كَانَتِ الْعُرَاةُ الْحُفَاةُ رُءُوسَ النَّاسِ فَذَاكَ مِنْ أَشْرَاطِهَا، وَإِذَا تَطَاوَلَ رِعَاءُ الْبَهْمِ فِي الْبُنْيَانِ فَذَاكَ مِنْ أَشْرَاطِهَا، فِي خَمْسٍ لاَ يَعْلَمُهُنَّ إِلاَّ اللهُ». ثُمَّ تَلاَ ﷺ ﴿إِنَّ اللهَ

عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنَزِّلُ الْغَيْثَ وَيَعْلَمُ مَا فِي الأَرْحَامِ وَمَا تَدْرِي نَفْسٌ مَاذَا تَكْسِبُ غَدًا وَمَا تَدْرِي نَفْسٌ بِأَيِّ أَرْضٍ تَمُوتُ إِنَّ اللهَ عَلِيمٌ خَبِيرٌ﴾. قَالَ ثُمَّ أَدْبَرَ الرَّجُلُ فَقَالَ رَسُولُ اللهِ ﷺ: «رُدُّوا عَلَيَّ الرَّجُلَ». فَأَخَذُوا لِيَرُدُّوهُ فَلَمْ يَرَوْا شَيْئًا . فَقَالَ رَسُولُ اللهِ ﷺ «هَذَا جِبْرِيلُ، جَاءَ لِيُعَلِّمَ النَّاسَ دِينَهُمْ».

আবূ হুরাইরাহ (রা.) থেকে বর্ণিত– একদিন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোকেদের সাথে বসেছিলেন। এমন সময় একজন ব্যক্তি এসে তাঁকে প্রশ্ন করলেন, "হে আল্লাহর রাসূল! ঈমান কী?"

– তিনি বললেন: "ঈমান হলো আল্লাহ, তাঁর ফেরেশতাগণ, তাঁর কিতাব, তাঁর রসূলগণ এবং আখিরাতের প্রতি বিশ্বাস রাখা।"

– লোকটি প্রশ্ন করল, "ইসলাম কী?"

– তিনি বললেন: "ইসলাম হলো আল্লাহর ইবাদত করা, তাঁর সাথে কাউকে শরীক না করা, ফরয সালাত কায়েম করা, ফরয যাকাত প্রদান করা এবং রমজান মাসে সিয়াম পালন করা।"

– লোকটি প্রশ্ন করল, "ইহসান কী?"

– তিনি বললেন: "ইহসান হলো এমনভাবে আল্লাহর ইবাদত করা যেন তুমি তাঁকে দেখছো; আর যদি তুমি তাঁকে না দেখো, তবে মনে করবে যে তিনি তোমাকে দেখছেন।"

– লোকটি প্রশ্ন করল, "কিয়ামাত কখন হবে?"

– রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "এ ব্যাপারে যাকে প্রশ্ন করা হচ্ছে, সে প্রশ্নকর্তার চেয়ে বেশি জানে না। তবে আমি আপনাকে কিয়ামাতের কিছু আলামত জানাবো:

১. যখন দাসী তার প্রভুকে জন্ম দিবে,

২. যখন নিঃস্ব, পোশাকহীন ব্যাক্তিরা মানুষের নেতা হবে,

৩. যখন পশুপালকরা উচ্চ ভবন নির্মাণে প্রতিযোগিতা করবে।"

এগুলো কিয়ামাতের আলামত।"

## তিনি এরপর আল্লাহর আয়াত তিলাওয়াত করলেন

"নিশ্চয় একমাত্র আল্লাহর কাছেই কিয়ামাতের জ্ঞান রয়েছে। তিনিই বৃষ্টি বর্ষণ করেন এবং মাতৃগর্ভে কী আছে তা জানেন। কোন প্রাণী জানে না সে আগামীকাল কী উপার্জন করবে এবং কোথায় মৃত্যুবরণ করবে। আল্লাহই সব জানেন এবং তিনি সব কিছুর খবর রাখেন।" (সূরাহ লুকমান ৩১:৩৪)

বর্ণনাকারী বলেন, এরপর লোকটি চলে গেল। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, লোকটিকে আমার নিকট ফিরিয়ে আনো। তাঁরা তাকে ফিরিয়ে আনার জন্য গেলেন। কিন্তু কাউকে পেলেন না। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, ইনি জিবরীল (‘আ.), লোকেদের দ্বীন শিক্ষা দেয়ার জন্য এসেছিলেন। (বুখারী: ই.ফা. ৪৪১৫; সহিহ মুসলিম, হাদিস নং ৯)

❒ **উপদেশ**: ঈমান, ইসলাম এবং ইহসান– এগুলো ইসলামের মৌলিক বিষয়। প্রতিটি মুসলমানের জীবনে এই তিনটি স্তম্ভ প্রতিষ্ঠিত থাকা জরুরি। আর কিয়ামাতের আলামতগুলো আমাদের ভবিষ্যতের প্রস্তুতির জন্য সতর্ক করে।

## ❒ উপসংহার

শ্রদ্ধেয় পাঠক, হাদিসের আলোকে আমরা দেখতে পাই, আমাদের দৈনন্দিন চিন্তা, কাজ এবং উদ্দেশ্য দুনিয়া বা আখিরাতের দিকে মনোনিবেশ করা উচিত। ঈমান, ইসলাম এবং ইহসান সম্পর্কে জানার মাধ্যমে আমরা নিজের জীবনের পথ আলোকিত করতে পারি। এবং কিয়ামাতের আলামতগুলো আমাদের সতর্ক করে, যাতে আমরা আরও পরিপূর্ণভাবে আমাদের জীবন গড়তে পারি ইনশাআল্লাহ। তাহলে, আসুন আমরা নিজেদের লক্ষ্য এবং উদ্দেশ্য নিয়ে পুনরায় ভাবি, যাতে আমাদের জীবন সঠিক পথে পরিচালিত হয় ইনশাআল্লাহ।

## ❒ নবীজী (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) এর ৫টি গুরুত্বপূর্ণ উপদেশ

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) আমাদেরকে বিভিন্ন উপদেশ দিয়ে গেছেন, যার মধ্যে পাঁচটি বিশেষ উপদেশের মাধ্যমে তিনি আমাদের জীবনকে সুন্দরভাবে গড়ার দিকনির্দেশনা দিয়েছেন।

এই উপদেশগুলো শুধু আধ্যাত্মিক জীবনের উন্নতি নয়, বরং ব্যক্তিগত ও সামাজিক অবস্থার উন্নতিতেও সাহায্য করে। আসুন, আমরা জানি, এই উপদেশগুলো কী এবং কীভাবে তা নিজেদের জীবনে প্রয়োগ করতে পারি।

## ৩.নং হাদিস

حَدَّثَنَا بِشْرُ بْنُ هِلاَلٍ الصَّوَّافُ الْبَصْرِيُّ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ سُلَيْمَانَ، عَنْ أَبِي طَارِقٍ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ " مَنْ يَأْخُذُ عَنِّي هَؤُلاَءِ الْكَلِمَاتِ فَيَعْمَلُ بِهِنَّ أَوْ يُعَلِّمُ مَنْ يَعْمَلُ بِهِنَّ " . فَقَالَ أَبُو هُرَيْرَةَ فَقُلْتُ أَنَا يَا رَسُولَ اللهِ فَأَخَذَ بِيَدِي فَعَدَّ خَمْسًا وَقَالَ " اتَّقِ الْمَحَارِمَ تَكُنْ أَعْبَدَ النَّاسِ وَارْضَ بِمَا قَسَمَ اللهُ لَكَ تَكُنْ أَغْنَى النَّاسِ وَأَحْسِنْ إِلَى جَارِكَ تَكُنْ مُؤْمِنًا وَأَحِبَّ لِلنَّاسِ مَا تُحِبُّ لِنَفْسِكَ تَكُنْ مُسْلِمًا وَلاَ تُكْثِرِ الضَّحِكَ فَإِنَّ كَثْرَةَ الضَّحِكِ تُمِيتُ الْقَلْبَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ جَعْفَرِ بْنِ سُلَيْمَانَ . وَالْحَسَنُ لَمْ يَسْمَعْ مِنْ أَبِي هُرَيْرَةَ شَيْئًا هَكَذَا رُوِيَ عَنْ أَيُّوبَ وَيُونُسَ بْنِ عُبَيْدٍ وَعَلِيِّ بْنِ زَيْدٍ قَالُوا لَمْ يَسْمَعِ الْحَسَنُ مِنْ أَبِي هُرَيْرَةَ . وَرَوَى أَبُو عُبَيْدَةَ النَّاجِيُّ عَنِ الْحَسَنِ هَذَا الْحَدِيثَ قَوْلَهُ وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ ﷺ .

আবূ হুরাইরা (রা.) থেকে বর্ণিত: তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন– "এমন কে আছে যে আমার কাছ থেকে এই পাঁচটি কথা গ্রহণ করবে এবং সেগুলোর উপর নিজে আমল করবে বা অন্যকে শেখাবে?"

আবূ হুরাইরা (রা.) বলেন, "আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমি আছি।"

তারপর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) আমার হাত ধরলেন এবং গুনে গুনে পাঁচটি বিষয় বললেন:

### অবৈধ বা হারাম কাজ থেকে বিরত থাকো:

"হারাম কাজ থেকে বিরত থাকো, তাহলে তুমি মানুষের মধ্যে সবচেয়ে বড় আবিদ (ইবাদতগুজার) হয়ে যাবে।"

## আল্লাহর দেয়া নিয়ামত নিয়ে সন্তুষ্ট থাকো

"যা কিছু আল্লাহ তোমার জন্য নির্ধারণ করেছেন, তাতে সন্তুষ্ট থাকো। তাহলে তুমি সবচেয়ে ধনী (স্বনির্ভর ও স্বাবলম্বী) হয়ে যাবে।"

## প্রতিবেশীর সাথে সদাচরণ করো

"তোমার প্রতিবেশীর প্রতি সদয় ও সহানুভূতিশীল আচরণ করো, তাহলে তুমি প্রকৃত মু'মিন হতে পারবে।"

## অন্যের জন্য ভালোবাসো যা নিজের জন্য ভালোবাসো

"যা তুমি নিজের জন্য পছন্দ করো, অন্যদের জন্যও তা পছন্দ করো, তাহলে তুমি প্রকৃত মুসলমান হয়ে যাবে।"

## অতিরিক্ত হাসি থেকে বিরত থাকো

"অধিক পরিমাণে হাসি-কৌতুক পরিহার করো। কেননা, অধিক হাসি অন্তরকে মেরে ফেলে।" (জামে' আত-তিরমিজি, হাদিস নং ২৩০৫)

## ❒ প্রিয় সহযাত্রী, নিজেকে প্রশ্ন করুন

আপনি কি জানেন সবচেয়ে বড় আবিদ (ইবাদতগুজার) ব্যক্তি কে? এই হাদিসের মাধ্যমে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, যে ব্যক্তি হারাম থেকে বিরত থাকে, সে সবচেয়ে বড় ইবাদতগুজার (আবিদ)।

## আপনি কি জানেন সবচেয়ে বড় ধনী ব্যক্তি কে?

যে ব্যক্তি আল্লাহর প্রদত্ত নিয়ামত নিয়ে সন্তুষ্ট থাকে, সে-ই বড় ধনী। অর্থের প্রতি আসক্তি ও লালসা নয়, বরং আল্লাহ যেটুকু ভাগ্যে রেখেছেন, তা নিয়ে সন্তুষ্ট থাকাই আসল ধন, আসল সচ্ছলতা।

## প্রকৃত মু'মিন কে?

প্রকৃত মু'মিন সে, যে তার প্রতিবেশীর প্রতি সদয় থাকে এবং তাদের সাথে সহানুভূতির আচরণ করে।

### প্রকৃত মুসলমান কে?

প্রকৃত মুসলমান সে, যে নিজের জন্য যা পছন্দ করে, অন্যের জন্যও তা পছন্দ করে এবং আল্লাহর বিধান অনুযায়ী জীবন পরিচালনা করে।

### ❒ উপসংহার

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) আমাদের জীবনযাত্রার জন্য যে পাঁচটি উপদেশ দিয়েছেন, তা যদি আমরা অনুসরণ করি, তবে আমরা কেবল একজন ভাল মুসলিমই হবো না, বরং সমাজে একটা ভালো দৃষ্টান্তও স্থাপন করতে পারব। আমাদের কাজ হচ্ছে, এসব উপদেশ আমাদের জীবনে বাস্তবায়ন করা এবং অন্যদেরও তা শিখানো।

### ❒ তাহলে হে প্রিয় ভাই ও বোন

আসুন আমরা নিজেদের জীবনে এই পাঁচটি উপদেশ প্রয়োগ করি এবং ইসলামের আদর্শকে প্রতিটি স্তরে ছড়িয়ে দিই ইনশাআল্লাহ। আল্লাহ তাআলা আমাদের জন্য সহজ করুন, আমীন।

❊ ❊ ❊

# গুরুত্বপূর্ণ কিছু দু'আ

প্রিয় পাঠক, আমরা বইয়ের শেষে গুরুত্বপূর্ণ কিছু দু'আ দিয়ে ইতি টানবো ইনশাআল্লাহ। আল্লাহ তাআলা আমাদেরকে এইসব অমূল্য দু'আ ও উপদেশবাণী দ্বারা ভরপুর উপকার লাভের তাওফিক দান করুন, আমীন।

## ❒ মুসিবতের সম্মুখীন হলে দু'আ:

اِنَّا لِلّٰهِ وَاِنَّا اِلَيْهِ رَاجِعُوْنَ. اَللّٰهُمَّ اْجُرْنِي فِـيْ مُصِيْبَتِيْ. وَاَخْلِفْ لِيْ خَيْرًا مِّنْهَا.

অর্থ: নিঃসন্দেহে আমরা সকলে আল্লাহর এবং তাঁর কাছেই আমাদের ফিরে যেতে হবে। হে আল্লাহ! আমাকে আমার মুসিবতের উপর সওয়াব দান করুন এবং যে জিনিস আপনি আমার নিকট হতে নিয়ে গেছেন তার চেয়ে উত্তম জিনিস আমাকে দান করুন।

## হাদিস:

উম্মুল মু'মিনীন হযরত উম্মে সালামাহ (রা.) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: যে বান্দার উপর কোন মুসিবত আসে এবং সে আল্লাহর আদেশ অনুযায়ী বলে:

إِنَّا لِلّٰهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ

এবং এই দু'আ পাঠ করে:

اَللّٰهُمَّ اْجُرْنِي فِـيْ مُصِيْبَتِيْ. وَاَخْلِفْ لِيْ خَيْرًا مِّنْهَا

তাহলে অবশ্যই আল্লাহ তাআলা তাকে উক্ত মুসিবতে সওয়াব দান করবেন এবং হারানো জিনিসের বিনিময়ে এর চেয়ে উত্তম জিনিস দান করবেন।

হযরত উম্মে সালামাহ (রা.) বলেন, যখন হযরত আবু সালামাহ (রা.) এর ইন্তেকাল হয়ে গেল, তখন আমি উক্ত দু'আটি পাঠ করলাম, যেভাবে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে শিখিয়ে দিয়েছেন। ফলে আল্লাহ তাআলা আমাকে আবু সালামাহ থেকে উত্তম স্বামী দান করলেন।

অর্থাৎ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমার স্বামী বানিয়ে দিলেন। (সহিহ মুসলিম: হাদিস নং (ই.ফা.) ১৯৯৬)

## ❒ যে কোনো অনিষ্ট থেকে হেফাযতের দু'আ:

এই কালেমাগুলো সকালে ও সন্ধ্যায় ৩ বার পাঠ করবেন:

بِاسْمِ اللهِ الَّذِيْ لاَ يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِيْ الأَرْضِ وَلا فِيْ السَّمَاءِ وَهُوَ السَّمِيْعُ العَلِيْمُ

অর্থ: সেই আল্লাহর নামে (আমি সকাল/সন্ধ্যা করলাম) যাঁর নামের বরকতে জমিন ও আসমানের কোনো কিছুই ক্ষতি করতে পারে না এবং তিনি (সব কিছু) শুনেন ও জানেন।

### হাদিস

হযরত ওসমান ইবনে আফফান (রা.) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: যে কেউ এই কালেমাগুলো সকালে তিনবার এবং বিকালে তিনবার পাঠ করবে, তাকে কোনো কিছুই ক্ষতি করতে পারবে না। (আবু দাউদ, হাদীস নং-৫০৪৭/ তিরমিযী হাদীস নং-৩৩৮৮)

## ❒ হকের উপর অবিচল থাকার দু'আ

اَللّٰهُمَّ اَرِنَا الْحَقَّ حَقًّا وَّارْزُقْنَا اتِّبَاعَهُ، وَاَرِنَا الْبَاطِلَ بَاطِلاً وَّارْزُقْنَا اجْتِنَابَهُ.

হে আল্লাহ, আপনি হককে হক হিসেবে আমাদের দেখান এবং এর অনুসরণের তাওফীক দিন, আর বাতিলকে বাতিল হিসেবে দেখান এবং এটাকে পরিত্যাগ করার তাওফীক দিন।

(তাফসীরে ইবনে কাসীর: সূরা বাকারার ২১৩ নং আয়াতের তাফসীর। উল্লেখ্য, এ দু'আটি খুবই অর্থবহ এবং ওলামায়ে কেরাম ও বুজুর্গদের মধ্যে প্রসিদ্ধ। তবে হাদিসে তার উল্লেখ পাওয়া যায়নি। অর্থ সঠিক হলে দু'আ তো যে কেউ নিজ ভাষায় করতে পারে।)

### ❒ বদ নযর থেকে শিশুদের হেফাযতের দু'আ:

اَعُوْذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّةِ مِنْ كُلِّ شَيْطَانٍ وَّهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لَامَّةٍ .

অর্থ: আমি সকল শয়তান, বিষাক্ত কীটপতঙ্গ ও বদ নযর হতে আল্লাহর পূর্ণাঙ্গ কালিমাসমূহের মাধ্যমে আশ্রয় চাচ্ছি।

### হাদিস

عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: كَانَ النَّبِيُّ ﷺ يُعَوِّذُ الحَسَنَ وَالحُسَيْنَ، وَيَقُولُ: " إِنَّ أَبَاكُمَا كَانَ يُعَوِّذُ بِهَا إِسْمَاعِيلَ وَإِسْحَاقَ: أَعُوذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّةِ، مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ، وَمِنْ كُلِّ عَيْنٍ لَامَّة.

ইবনু 'আব্বাস (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসান এবং হুসাইন (রা.)-এর জন্য উক্ত দু'আ পড়ে পানাহ চাইতেন আর বলতেন, তোমাদের পিতা ইবরাহীম (আ.) ইসমাঈল ও ইসহাক (আঃ)-এর জন্য এই দু'আ পড়ে পানাহ চাইতেন। (বুখারী, হাদীস নং-৩৩৭১)

### ❒ বাড়ি থেকে বের হবার দু'আ:

بِسْمِ اللهِ، تَوَكَّلْتُ عَلَى اللهِ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ

অর্থ: আল্লাহর নামে, আল্লাহর ওপর ভরসা করে বের হচ্ছি, আল্লাহর সাহায্য ছাড়া কোনো ভালো কাজ করা কিংবা কোনো মন্দ কাজ থেকে বিরত থাকা সম্ভব নয়।

হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু তাআলা আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি ঘর থেকে বের হওয়ার সময় দু'আটি বলে, তাকে বলা হয়: তুমি হিদায়াতপ্রাপ্ত হয়েছ, রক্ষা পেয়েছ এবং নিরাপত্তা লাভ করেছ। তখন শয়তান তার থেকে দূরে সরে যায়। তার ব্যাপারে এক শয়তান অন্য শয়তানকে বলে, ওই লোককে তুমি কীভাবে পথভ্রষ্ট করবে, যে এরই মধ্যে হেদায়াতপ্রাপ্ত হয়েছে, নিরাপত্তা লাভ করেছে এবং রক্ষা পেয়েছে।

(আবূ দাউদ ৪/৩২৫, নং ৫০৯৫; তিরমিযী ৫/৪৯০)

## ❒ চিন্তা থেকে হেফাজতের দু'আ:

حَسْبِيَ اللهُ لا إله إلا هو عَليه تَوَكّلْتُ وهو رَبُّ الْعَرشِ العَظِيْمِ

অর্থ : আল্লাহ্ই আমার জন্য যথেষ্ট, তিনি ব্যতীত কোন মা'বুদ নেই, তাঁর প্রতি ভরসা করেছি, তিনি মহান আরশের অধিপতি।

যে ব্যক্তি প্রতিদিন সকালে ও সন্ধ্যায় এ দুআটি সাতবার পাঠ করবে, আল্লাহ্ তাআলা তাকে (দুনিয়া ও আখিরাতের) সমস্ত চিন্তা হতে হেফাজত করবেন। (আমালুল ইয়াউমি ওয়াল লাইলাহি– ইবনুস্ সুন্নী, পৃ. ৬৭, হাদিস ৭১)

## ❒ অসুস্থ ব্যক্তিকে দেখতে গেলে পড়ার দু'আ:

لاَ بَأْسَ طَهُورٌ إِنْ شَاءَ اللهُ

অর্থ: বিচলিত হওয়ার কোন কারণ নেই (আপনি সেরে উঠবেন)। ইনশাআল্লাহ্ এই রোগ আপনাকে গুনাহ থেকে পবিত্র করবে।

এরপরে সাতবার এই দু'আ পড়বেন:

أَسْأَلُ اللهَ الْعَظِيمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيمِ أَنْ يَشْفِيَكَ

অর্থ: আমি আরশে আযীমের মালিক, মহান আল্লাহ্ তাআলার নিকট আপনার সুস্থতা কামনা করছি।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, মৃত্যু আসন্ন নয় এমন কোনো রোগীকে দেখতে গিয়ে যদি কেউ এই দো'আ সাতবার পাঠ করে, তবে আল্লাহ তাআলা অবশ্যই তাকে সেই রোগ থেকে মুক্তি দান করবেন।

(বুখারী, হাদিস ৫৬৬২ + আবূ দাঊদ, হাদিস ৩১০৬)

## ❒ পরিবার ও সন্তানের কল্যাণে খুবই উপকারী দু'আ:

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَّاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَاماً

অর্থ: হে আমাদের রব! আমাদের দাম্পত্য সাথী ও সন্তান-সন্ততির পক্ষ থেকে আমাদেরকে দান করুন চোখের শীতলতা এবং আমাদেরকে পরহেযগার লোকদের আদর্শ বানান। (সূরা আল-ফুরকান [২৫] ৭৪)

## ❒ চিন্তা, পেরেশানি, ঋণ, অলসতা ও কাপুরুষতা দূর করার দু'আ

اَللّٰهُمَّ اِنِّيْ اَعُوْذُبِكَ مِنَ الْهَمِّ وَالْحُزْنِ وَاَعُوْذُبِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسَلِ وَاَعُوْذُبِكَ مِنَ الْجُبْنِ وَ الْبُخْلِ وَاَعُوْذُبِكَ مِنْ غَلَبَةِ الدَّيْنِ وَقَهْرِ الرِّجَالِ.

অর্থ: হে আল্লাহ! আমি আপনার কাছে আশ্রয় চাই চিন্তা পেরেশানি থেকে, আমি আপনার কাছে আশ্রয় চাই অপারগতা ও অলসতা থেকে, আমি আপনার কাছে আশ্রয় চাই কাপুরুষতার ও কৃপণতা থেকে এবং আমি আপনার কাছে আশ্রয় চাই ঋণের বোঝা ও মানুষের ক্ষোভ থেকে।

আবু সাঈদ খুদরি (রা.) বলেন, একদিন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু তাআলা আলাইহি ওয়াসাল্লাম মসজিদে নববিতে প্রবেশ করে আনসারি একজন লোককে দেখতে পেলেন, যার নাম আবু উমামা। নবীজি তাঁকে বললেন, আবু উমামা! ব্যাপার কী, নামাজের সময় ছাড়াও তোমাকে মসজিদে বসে থাকতে দেখা যাচ্ছে? আবু উমামা বললেন, ইয়া রাসুলাল্লাহ! অনেক ঋণ এবং দুনিয়ার চিন্তা আমাকে গ্রাস করে রেখেছে। তখন রাসুল সাল্লাল্লাহু তাআলা আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, আমি কি তোমাকে এমন কিছু কালেমা শিখিয়ে দেব, যেগুলো বললে আল্লাহ তোমার চিন্তাকে দূর করে দেবেন এবং তোমার ঋণগুলো আদায় করে দেবেন। তিনি বললেন, জি হ্যাঁ ইয়া রাসুলাল্লাহ! অবশ্যই বলুন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু তাআলা আলাইহি ওয়াসাল্লাম তাকে উপযুক্ত দু'আটি শিখিয়ে দেন এবং তা সকাল-সন্ধ্যায় পড়তে বলেন। আবু উমামা বলেন, আমি রাসুল সাল্লাল্লাহু তাআলা আলাইহি ওয়াসাল্লাম এর এ দু'আটি পড়তে লাগলাম। ফলে আল্লাহ আমার চিন্তা দূর করে দিলেন এবং আমার ঋণগুলোও আদায় করার ব্যবস্থা করে দিলেন। (সুনানু আবী দাউদ, হাদিস ১৫৫৫)

## ❒ দুশ্চিন্তাগ্রস্ত বা বিপদগ্রস্তের দু'আ

لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ

অর্থ: আপনি ছাড়া কোনো ইলাহ নেই, আপনি পবিত্র-মহান, নিশ্চয় আমি যালেমদের অন্তর্ভুক্ত।

عَنْ سَعْدٍ، قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ "دَعْوَةُ ذِي النُّونِ إِذْ دَعَا وَهُوَ فِي بَطْنِ الْحُوتِ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ. فَإِنَّهُ لَمْ يَدْعُ بِهَا رَجُلٌ مُسْلِمٌ فِي شَيْءٍ قَطُّ إِلاَّ اسْتَجَابَ اللهُ لَهُ".

সা’দ ইবনু আবী ওয়াক্কাস (রা.) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: আল্লাহ তা’আলার নবী যুন-নূন ইউনুস (আ.) মাছের পেটে থাকাকালে যে দু’আ করেছিলেন তা হল: “তুমি ব্যতীত কোন মা’বূদ নেই, তুমি অতি পবিত্র। আমি নিশ্চয় যালিমদের দলভুক্ত।” - (সূরা আম্বিয়া ৮৭)।

যে কোন মুসলিম ব্যক্তি কোন বিষয়ে কখনো এ দু’আ করলে অবশ্যই আল্লাহ তা’আলা তার দু‘আ কবুল করেন। (তিরমিযী ৫/৫২৯, নং ৩৫০৫)

## ❒ শয়তান থেকে হেফাযতের দু‘আ

সকালে ও সন্ধ্যায় এ দু‘আ (১০ বার) পড়বেন–

لا إلهَ إلاَّ اللهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ، لَهُ المُلْكُ وَلَهُ الحَمْدُ وَهُوَ على كُلِّ شَيْءٍ قَدِيرٌ.

অর্থ: আল্লাহ তা‘আলা ব্যতীত কোন মাবুদ নেই। তিনি এক, তাঁর কোন শরীক নেই। সর্বময় রাজত্ব একমাত্র তাঁরই জন্য। তাঁরই জন্য সকল প্রশংসা। তিনি সবকিছুর উপর ক্ষমতাবান।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন, যে ব্যক্তি সকাল বেলা এ দু‘আটি ১০ বার পাঠ করবে তার একটি গোলাম আযাদ করার সওয়াব হবে, দশটি নেকী লেখা হবে, দশটি গুনাহ মাফ হবে এবং দশটি মর্যাদা বুলন্দ হবে। আর এটি তার জন্য সন্ধ্যা পর্যন্ত শয়তান থেকে রক্ষামূলক ব্যবস্থা হবে। যে ব্যক্তি সন্ধ্যা বেলায় দু‘আটি পাঠ করবে সকাল পর্যন্ত সে অনুরূপ সওয়াব ও উপকার পাবে। (আবু দাউদ হাদীস নং-৫০৩৮, ৫০৭৯)

## ❒ দৃষ্টি, শ্রবণের সুস্থতা, দারিদ্র্য মুক্তি ও নিরাপত্তার দু'আ

اللّٰهُمَّ عَافِنِيْ فِيْ بَدَنِيْ، اللّٰهُمَّ عَافِنِيْ فِيْ سَمْعِيْ، اللّٰهُمَّ عَافِنِيْ فِيْ بَصَرِيْ، لَا إِلٰهَ إِلَّا أَنْتَ، اللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنَ الْكُفْرِ، وَالْفَقْرِ، اللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ، لَا إِلٰهَ إِلَّا أَنْتَ .

হে আল্লাহ! আপনি আমাকে শারীরিক সুস্থতা ও নিরাপত্তা দান করুন। হে আল্লাহ! আমার শ্রবণে সুস্থতা ও নিরাপত্তা দান করুন। আমার দৃষ্টিতে সুস্থতা ও নিরাপত্তা দান করুন। আপনি ব্যতীত কোনো ইলাহ নেই। হে আল্লাহ! আমি আপনার আশ্রয় গ্রহণ করছি কুফুরী ও দারিদ্র্য থেকে। হে আল্লাহ! আমি আপনার কাছে পানাহ চাই কবরের আজাব থেকে। আপনি ছাড়া কোনো ইলাহ নেই। (আবু দাউদ, হাদিস ৫০৯০; মুসনাদে আহমাদ, হাদিস ২০৩৩০)

✻ ✻ ✻

# কিছু পরামর্শ

একটি পূর্ণাঙ্গ, স্বাস্থ্যকর ও অর্থবহ জীবন গঠনে কুরআন-সুন্নাহর নির্দেশনা, প্রাকৃতিক চিকিৎসা, হালাল হারাম বিবেচনায় রাখা, সামাজিক কল্যাণ ও স্বাস্থ্য সচেতনতা– সবকিছুই গুরুত্বপূর্ণ। এগুলোর জন্য সততা, আল্লাহর সন্তুষ্টি, আখিরাতের প্রস্তুতি এবং মানুষের উপকারে কাজ করাই মূল চাবিকাঠি। প্রিয় পাঠক, আমাদের উদ্দেশ্যগুলো আপনাদের সামনে স্পষ্ট করার পর, আমি আল্লাহ তাআলার কাছে প্রার্থনা করি, তিনি যেন আমাকে এগুলো বাস্তবায়ন করার এবং নিচের পরামর্শগুলো আমাকে ও আপনাদেরকে আমলে নিয়ে আসার তাওফিক দান করেন। আমীন।

## ❒ কিছু গুরুত্বপূর্ণ পরামর্শ ও উপদেশ

### ১. সবকিছু আল্লাহর জন্য করুন:

নিয়ত বিশুদ্ধ রাখুন, প্রতিটি ইবাদত ও কাজের মাঝে আল্লাহর সন্তুষ্টি অগ্রাধিকার দিন।

### ২. আখিরাতের পাথেয় অর্জনে মনোযোগ দিন:

দুনিয়ার কাজগুলো আখিরাতের প্রস্তুতি হিসেবে দেখুন।

### ৩. মানুষের কল্যাণে কাজ করুন:

পরোপকার ও সামাজিক দায়িত্ববোধ গড়ে তুলুন।

### ৪. কুরআন-সুন্নাহর পূর্ণ অনুসরণ করুন:

জীবনের প্রতিটি ক্ষেত্রে ইসলামের নির্দেশনা মানুন।

### ৫. সততা ও ন্যায়নিষ্ঠা বজায় রাখুন:

ব্যবসা, চাকরি বা উদ্যোগে সততা অবলম্বন করুন।

### ৬. প্রাকৃতিক ও ঘরোয়া চিকিৎসা জানুন:

প্রয়োজন হলে প্রাকৃতিক উপায়ে সুস্থ থাকার জন্য প্রাকৃতিক ও ঘরোয়া চিকিৎসা সম্পর্কে জানার চেষ্টা করুন।

### ৭. ঔষধ নির্ভরতা কমান:

প্রতিরোধমূলক স্বাস্থ্যচর্চা ও সুস্থ জীবনযাপন করে ঔষধ নির্ভরতা কমান।

**৮. হালাল ও পবিত্র খাবার গ্রহণ করুন:**

শরীর ও আত্মার জন্য উপকারী খাবার বেছে নিন।

**৯. পরিমিত ও সুষম খাদ্যাভ্যাস গড়ে তুলুন:**

অতিরিক্ত খাওয়া এড়িয়ে চলুন।

**১০. সুন্নাহভিত্তিক খাদ্য ও ফলমূল গ্রহণ করুন:**

সারিদ, তালবিনা, ছাতু, বাদাম, খেজুর, ডালিম, আঙ্গুর, অলিভ ইত্যাদি খাবার গ্রহণ করুন।

**১১. পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখুন:**

শরীর, পোশাক ও পরিবেশ পরিষ্কার রাখুন।

**১২. নিয়মিত ব্যায়াম করুন:**

শরীর সুস্থ রাখতে হাঁটা ও হালকা ব্যায়াম করুন।

**১৩. পর্যাপ্ত ঘুম ও বিশ্রাম নিন**

শরীর ও মনের জন্য বিশ্রাম অত্যন্ত জরুরি। সেদিকে খেয়াল রাখুন।

**১৪. ধৈর্য ও কৃতজ্ঞতা চর্চা করুন:**

কঠিন সময়ে ধৈর্য ধরুন এবং ভালো সময়ে কৃতজ্ঞ থাকুন। □

**১৫. তওবা ও ইস্তিগফার করুন:**

নিয়মিত আত্মশুদ্ধির চেষ্টা করুন।

**১৬. কুরআন তিলাওয়াত ও জিকির করুন:**

আত্মিক প্রশান্তি ও মানসিক স্বাস্থ্য রক্ষায় কুরআন তিলাওয়াত ও জিকির করুন।

**১৭. সুন্নাহর হারিয়ে যাওয়া আমল পুনর্জাগরণ করুন:**

মিসওয়াক, তিন ভাগের এক ভাগ খাওয়া, সালাম দেওয়া, হলাল-হারাম বিবেচনা করা ইত্যাদি আমল পুনরায় শুরু করুন।

**১৮. অর্থনৈতিক লেনদেনে সতর্ক থাকুন**

সুদ, ঘুষ, প্রতারণা এড়িয়ে চলুন।

**১৯. হালাল ব্যবসা ও উদ্যোগ গ্রহণ করুন:**

শরিয়তসম্মতভাবে ব্যবসা/চাকরি করুন, অথবা ভালো উদ্যোক্তা হওয়ার চেষ্টা করুন।

### ২০. সামাজিক সমস্যা সমাধানে অংশ নিন:

নেশা, দুর্নীতি, অপচয় রোধে সচেতন থাকুন এবং অন্যকে সচেতন করুন।

### ২১. পরিবেশ রক্ষা করুন

প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও দূষণ রোধে ভূমিকা রাখুন।

### ২২. মানসিক স্বাস্থ্য রক্ষা করুন:

আত্মবিশ্বাস, ইতিবাচক চিন্তা ও মানসিক প্রশান্তি বজায় রাখুন।

### ২৩. অতিরিক্ত প্রযুক্তি নির্ভরতা কমান:

প্রযুক্তির প্রতি নির্ভরতা কমিয়ে প্রকৃতির সান্নিধ্যে সময় কাটান।

### ২৪. সময়ের সঠিক ব্যবহার করুন:

সময়ের অপচয় এড়িয়ে গঠনমূলক কাজে সময় দিন।

### ২৫. শরীর ও মনের ভারসাম্য বজায় রাখুন:

ইবাদত, কাজ ও বিশ্রামের মধ্যে ভারসাম্য রাখুন।

### ২৬. সুস্থ সামাজিক সম্পর্ক গড়ে তুলুন:

বন্ধুত্ব, সহানুভূতি ও সহযোগিতা বাড়ান।

### ২৭. নতুন কিছু শেখার চেষ্টা করুন:

ধর্মীয় ও আধুনিক জ্ঞান অর্জন করুন।

### ২৮. আল্লাহর ওপর ভরসা রাখুন

সব কাজে আল্লাহর ওপর নির্ভর করুন, দু‘আ ও ইস্তিখারা করুন এবং বিজ্ঞজনদের সাথে পরামর্শ করুন।

### প্রিয় হৃদয়বান পাঠক!

একটি পূর্ণাঙ্গ, স্বাস্থ্যকর ও অর্থবহ জীবন গঠনে কুরআন-সুন্নাহর নির্দেশনা, হালাল ও পবিত্র খাদ্য, প্রাকৃতিক চিকিৎসা, সততা, সামাজিক কল্যাণ ও আত্মিক উন্নয়ন– সবকিছুই গুরুত্বপূর্ণ। এগুলো সঠিকভাবে চর্চা করলে দুনিয়া ও আখিরাতে সফলতা অর্জন সহজ হবে ইনশাআল্লাহ।

আল্লাহ তায়ালা আমাদের সবাইকে আমল করার তাওফিক দান করুন, আমীন।

# "A.S Health Academy"

## (A.S ন্যাচারাল চিকিৎসা এন্ড হেলদি লাইফস্টাইল প্রশিক্ষণ কেন্দ্র)

আমাদের "A.S" নামটি আমাদের প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য, দর্শন এবং পবিত্র নিরাময় প্রক্রিয়ার প্রতি গভীর অঙ্গীকার বহন করে।

### ☐ "A.S" নামের বিশ্লেষণ ও দর্শন

### ১. আল্লাহু শাফী (Allah-Shafi)

- আরবি: اللهُ شَافِي
- অর্থ:আল্লাহ তায়ালা সুস্থতা দানকারী।
- তাৎপর্য: এই নামটি এক ধরনের ঐশ্বরিক ইঙ্গিত বহন করে। আমাদের প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য হলো প্রাকৃতিক উপায়ে সুস্থতা প্রদান করা। আমরা বিশ্বাস করি, আমরা কেবলমাত্র পথপ্রদর্শক; প্রকৃত আরোগ্য ও সুস্থতা আল্লাহর পক্ষ থেকেই আসে। আমরা সেই 'শাফী' (সুস্থতা দানকারী)-এর অনুগ্রহে বিশ্বাস রেখে কাজ করি।

### ২. আল-কুরআনু শিফাউন (Al-Qur'anu Shifawn)

- আরবি: الْقُرْآنُ شِفَاءٌ
- অর্থ: কুরআন হলো শেফা/সুস্থতার উৎস।
- তাৎপর্য: কুরআন মানুষের শারীরিক, মানসিক এবং আত্মিক সুস্থতা অর্জনের জন্য এক শ্রেষ্ঠ পথ প্রদর্শক। আমাদের প্রশিক্ষণে আমরা সেই পবিত্র নির্দেশিকা থেকে অনুপ্রাণিত হয়ে জীবনধারা পরিবর্তনের মাধ্যমে 'শিফা' বা নিরাময় লাভের পথ দেখাই।

## ৩. আস-সালাম (As-Salam)

- আরবি: اَلسَّلَامُ
- অর্থ: শান্তি।
- তাৎপর্য: সুস্থ জীবনধারা শারীরিক আরামের পাশাপাশি মানসিক শান্তিও নিশ্চিত করে। "A.S" আমাদের সেবাগ্রহীতাদের জন্য 'আস-সালাম' তথা শারীরিক, মানসিক এবং আধ্যাত্মিক শান্তির এক সমন্বিত পরিবেশ এবং পথনির্দেশ সৃষ্টি করতে চায় ইনশাআল্লাহ।

## ৪. আস-সাবরু (As-Sabru)

- **আরবি:** اَلصَّبْرُ
- **অর্থ: ধৈর্য।**
- **তাৎপর্য:** প্রাকৃতিক চিকিৎসা এবং লাইফস্টাইল পরিবর্তনের ফল পেতে ধৈর্য ও অধ্যবসায় অপরিহার্য। "A.S" শিক্ষা দেয় যে, 'আস-সাবরু' অর্থাৎ ধৈর্যশীলতা দীর্ঘমেয়াদি সুস্থতা, সুস্থ জীবন এবং আত্মিক উন্নয়নের ভিত্তি।

## ৫. আবু সালেহ (Abu Saleh)

- **ইংরেজি: Abu Saleh**
- **তাৎপর্য:** এটি নামের উপর ভিত্তি করে একটি ব্যক্তিগত পরিচয়, যা প্রতিষ্ঠানের প্রতি আমাদের শ্রদ্ধা, ব্যক্তিগত আগ্রহ, এবং মিশনের প্রতি একধরনের নৈতিক দায়বদ্ধতা প্রকাশ করে।

সংক্ষেপে, "**A.S Health Academy**" হলো সেই প্রতিষ্ঠান, যা আল্লাহ তায়ালার 'শাফী' নামের উপর পূর্ণ ভরসা রেখে, 'সাবরু' (ধৈর্য)-এর সাথে জীবনধারা পরিবর্তনের মাধ্যমে, 'আস-সালাম' (শান্তি) অর্জনের দিকে মানুষকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করে থাকেন ইনশাআল্লাহ, আল্লাহুল মুসতা'আন (আল্লাহ তাআলাই একমাত্র সাহায্যকারী)

✻ ✻ ✻

# স্লোগান

## স্বাস্থ্য-সুরক্ষা বিষয়ক আমাদের কিছু স্লোগান ও তার সহজ মর্মার্থ।

### ১. স্লোগান:

“যদি তিব্বে নববীর পথে চলি
স্বাস্থ্য ফিরে পাবো ত্বরিৎ বলি।”

**মর্মার্থ:** নবীজীর খাদ্যাভ্যাস ও প্রাকৃতিক নিয়ম এবং কুরআন সুন্নাহ মেনে চললে দ্রুতই শরীর ভালো হতে থাকে।

### ২. স্লোগান:

“প্রকৃতির পথে হাঁটলে সবে
সুস্থতার ধন ফিরে আসে।”

**মর্মার্থ:** কৃত্রিমতা বাদ দিয়ে প্রকৃতির কাছাকাছি জীবনযাপন করলে দেহ নিজেই আরোগ্য লাভ করতে পারে।

### ৩. স্লোগান:

“কম খাবো, ভালো খাবো
নিজ স্বাস্থ্য ভালো রাখবো।”

**মর্মার্থ:** অতিরিক্ত না খেয়ে পুষ্টিকর ও সঠিক খাবার নির্বাচন করাই সুস্থ থাকার মূল চাবিকাঠি।

### ৪. স্লোগান:

“খাদ্যই হোক ওষুধ আমার
যদি অনুসরণ করি সুন্নাহ'র।”

**মর্মার্থ:** সুন্নাহর খাবার ও হালাল-পবিত্র খাদ্যই আসলে রোগ প্রতিরোধ ও আরোগ্যের বড় উপায়।

### ৫. স্লোগান:

“সুষম আহার, পর্যাপ্ত পানি
স্বাস্থ্য রক্ষার অমূল্য বাণী।”

**মর্মার্থ:** খাবারে পুষ্টির ভারসাম্য রাখা আর নিয়ম করে পানি পান করা স্বাস্থ্য রক্ষার সহজতম পথ।

### ৬. স্লোগান:

**“প্রকৃতির পথে ফিরে গেলে**
রোগ সেরে যায় ধীরে ধীরে।”

**মর্মার্থ:** কৃত্রিম খাবার বাদ দিয়ে প্রাকৃতিক খাবার নিলে ধীরে ধীরে রোগ-ব্যাধি কমতে থাকে।

### ৭. স্লোগান:

**“ঘুম,পানি ও পরিমিত আহার**
**এই তিনেই আছে সুস্থতার আদার।”**

**মর্মার্থ:** পর্যাপ্ত ঘুম,নিয়মিত পানি পান এবং অল্পে তৃপ্ত থাকা—এ তিনটি স্বাস্থ্য রক্ষার মূল ভিত্তি।

### ৮. স্লোগান:

**“লোভে নয়, প্রজ্ঞায় খান**
**দেহ-মন রাখুন সতেজ প্রাণ।”**

**মর্মার্থ:** শুধু স্বাদের কারণে নয়, বুদ্ধি দিয়ে স্বাস্থ্যকর খাবার বেছে খেলে দেহ ও মন দুটিই ভালো থাকে।

### ৯. স্লোগান:

**“তাজা খাবারে শরীর হাসে**
**রোগ-বালাই দূরে ভাসে।”**

**মর্মার্থ:** তাজা ও প্রাকৃতিক খাবার শরীরকে সবসময় রোগমুক্ত ও সতেজ রাখে।

### ১০. স্লোগান:

**“প্রকৃতির পথে থাকলে সবে**
**স্বাস্থ্য ফিরবে সহজভাবে।”**

**মর্মার্থ:** প্রাকৃতিক চিকিৎসা ও সহজ জীবনযাপন জটিলতা ছাড়াই শরীরকে সুস্থ করে তোলে।

**১১. স্লোগান:**

**"ফল-সবজি বেশি খেলে**
**রোগ চলে যায় ধীরে ধীরে।"**

**মর্মার্থ:** প্রতিদিন ফল ও সবজি খেলে রোগ প্রতিরোধ ক্ষমতা বেড়ে যায় এবং অসুস্থতা কমতে থাকে।

**১২. স্লোগান:**

**"সুন্নাহর খাবার সুন্নাহর রীতি**
**বাড়ায় দেহে প্রাণের গীতি।"**

**মর্মার্থ:** খেজুর, মধু, কালোজিরা, ইত্যাদি—এসব সুন্নাহ ভিত্তিক খাবার শরীরকে শক্তি ও শান্তি দেয়।

**১৩. স্লোগান:**

**"হেলদি লাইফস্টাইল করলে অনুসরণ**
**স্বাস্থ্য-ধন ফিরবে আজীবন।"**

**মর্মার্থ:** প্রতিদিনের ছোট ছোট স্বাস্থ্যকর অভ্যাস আজীবন সুস্থ জীবন উপহার দিতে পারে ইনশাআল্লাহ।

**১৪. স্লোগান:**

**"নিজের ডাক্তার নিজেই হোন করে জ্ঞান অর্জন**
**কুরআন–সুন্নাহ ও তিব্বে নববী করে অনুসরণ।"**

**মর্মার্থ:** স্বাস্থ্য রক্ষায় প্রথম দায়িত্ব নিজের—তাই জ্ঞান অর্জন করতে হবে এবং সেই জ্ঞানকে কুরআন, সুন্নাহ ও তিব্বে নববীর শিক্ষা দিয়ে শুদ্ধভাবে প্রয়োগ করতে হবে।

**১৫. স্লোগান:**

**"উদরপূর্তি নয়, পুষ্টির খোঁজ**
**এই নীতিতে কমে রোগের বোঝ।"**

**মর্মার্থ:** শুধু পেট ভরানোর জন্য খেলে নয়, পুষ্টিকর খাবার নিলে রোগ-বালাই অনেকটাই দূরে থাকে।

**১৬. স্লোগান:**

**“কৃত্রিম খাবার পরিহারের সুখ**
**দূর হবে সব অসুখ-বিসুখ।”**

**মর্মার্থ:** কৃত্রিম, প্রক্রিয়াজাত খাবার কম খেলে দীর্ঘমেয়াদে স্বাস্থ্য ভালো থাকে ইনশাআল্লাহ।

**১৭. “সুন্নাহ লাইফস্টাইলে জীবন গড়ে**
**সুস্থ থাকবেন সারাজীবন ভরে।”**

**১৮. “আমিই হবো আমার পরিবারের ডাক্তার।”**

**১৯. “নিজেই নিজের ডাক্তার।”**

**২০. “মিতাহারই একমাত্র রোগ মুক্তির পথ।”**

* * *

# প্রাকৃতিক উপায়ে আমাদের চিকিৎসা সেবা সমূহ

১. হিজামা (এটি সুন্নাহ সম্মত চিকিৎসা) ও থেরাপিউটিক ম্যাসেজ।
২. অর্শ/পাইলস — (কোনো প্রকার অপারেশন ছাড়াই জটিল ও পুরাতন রোগীদের চিকিৎসা করা হয়।)
৩. পলিপস, নাকে মাংস বৃদ্ধি, দীর্ঘদিনের হাঁচি ও সর্দি (— অপারেশন ছাড়াই জটিল ও পুরাতন রোগীর চিকিৎসা করা হয়)
৪. অনিয়ন্ত্রিত ওজন, অতিরিক্ত মেদ–ভুঁড়ি, খাবারে অরুচি, অত্যন্ত রোগা বা শুকনো স্বাস্থ্য।
৫. রক্তস্বল্পতা, শারীরিক দুর্বলতা, পুষ্টিহীনতা ও ভিটামিনের অভাব।
৬. পুরাতন আমাশা।
৭. কোষ্ঠকাঠিন্য, পেট ফাঁপা, বদহজম।
৮. গ্যাস্ট্রিক ও কৃমিজনিত সমস্যা।
৯. সাধারণ চুলকানি ও অ্যালার্জি।
১০. বাত ব্যথা ও আঘাতজনিত ব্যথা।
১১. ডায়াবেটিস।
১২. যে কোনো যৌন সমস্যা।
১৩. লিকোরিয়া (সাদাস্রাব)।
১৪. দীর্ঘদিনের সর্দি–কাশি ইত্যাদি।

* * *

# সম্মানিত অতিথিবৃন্দ

প্রাকৃতিক চিকিৎসার ভুবনে আপনাকে স্বাগতম।

## ☐ আমাদের কোর্স সমূহ সংক্ষেপে

**As–C ক্যাটাগরি**

**As–B ক্যাটাগরি**

**As–A ক্যাটাগরি**

## কোর্সের মূল বিষয়বস্তু:

**এই কোর্সে —**

- ✓ স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস।
- ✓ সঠিক জীবনযাপন (হেলদি লাইফস্টাইল)
- ✓ প্রাকৃতিক চিকিৎসা।
- ✓ শারীরিক, মানসিক ও আত্মিক স্বাস্থ্য।

এগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে। তিব্বে নববীর ধারায় এসব বিষয় বৈজ্ঞানিকভাবে স্বীকৃত এবং দীর্ঘমেয়াদী স্বাস্থ্য উন্নয়ন ও রোগ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে, ইনশাআল্লাহ। সুস্থ ও সুখী জীবনযাপনে আপনার প্রথম পদক্ষেপ —ইনশাআল্লাহ।

## ☐ আমাদের কোর্স ও গাইডলাইনের তথ্যসূত্র

১. কুরআন ও সুন্নাহ।
২. পূর্বপুরুষদের ইতিহাস ও মনীষীদের বাণী।
৩. বৈজ্ঞানিক ভিত্তি ও সমর্থন।
৪. দীর্ঘদিনের অভিজ্ঞতা ও গবেষণা।

## প্রিয় ভাই ও বোনেরা,

এই চারটি ভিত্তিকে অনুসরণ করে আমাদের কোর্স ও গাইডলাইন প্রস্তুত করা হয়েছে। আল্লাহর ওপর ভরসা রেখে দিকনির্দেশনাগুলো অনুসরণ করলে দীর্ঘমেয়াদে সুস্থ, সবল ও আনন্দময় জীবন অর্জন করা সম্ভব—ইনশাআল্লাহ।

আল্লাহ তাআলা আমাদের সবাইকে সঠিকভাবে বুঝে আমল করার তাওফিক দান করুন—আমীন।

আল্লাহুল মুসতা‘আন।

✻ ✻ ✻

# আমাদের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ

## ১. স্বাস্থ্য সুরক্ষা ও সচেতনতা বৃদ্ধি

মানুষের সামনে স্বাস্থ্য রক্ষার করণীয় ও বর্জনীয় বিষয়গুলো স্পষ্টভাবে তুলে ধরা এবং সবাইকে স্বাস্থ্য সচেতন করা। ইসলামী দৃষ্টিকোণ থেকে হালাল ও নিরাপদ চিকিৎসা গ্রহণের গুরুত্ব বোঝানো, যাতে মানুষ সন্দেহ ও দ্বিধা ছাড়াই সঠিক ও হালাল খাবার এবং চিকিৎসা গ্রহণে উৎসাহিত হয়।

## ২. হারিয়ে যাওয়া কিছু সুন্নাহর পুনর্জাগরণ

ইসলামের কিছু গুরুত্বপূর্ণ সুন্নাহ, যেমন:

হিজামা (Cupping Therapy) গ্রহণ, পেটের তিন ভাগের এক ভাগ খাবার গ্রহণ, হালাল ও তৈয়েব (উপকারী) খাবার গ্রহণ ইত্যাদি– সুন্নাহর গুরুত্ব ও উপকারিতা তুলে ধরা। এই সুন্নাহগুলো আধুনিক বিজ্ঞান ও ইসলামী দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করা, যাতে মানুষ এগুলোর চর্চায় আগ্রহী হয় এবং আমরাও সাদাকায়ে জারিয়া হিসেবে দুনিয়াতে কিছু নিদর্শন রেখে যেতে পারি, ইনশাআল্লাহ। আল্লাহুল মুসতা‘আন।

## ৩. প্রাকৃতিক ও ঘরোয়া চিকিৎসা পরিচিতি

